



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

[Website:www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৯

০৩ বৈশাখ ১৪৩২

তারিখ:

১৬ এপ্রিল ২০২৫

চেয়ারম্যান, পরিচালক পর্ষদ ও
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্ষদের গঠন এবং পরিচালকগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০১, তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪, ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখ: ১৩ মার্চ ২০২৪ ও ডিএফআইএম সার্কুলার লেটার নং-৪০, তারিখ: ১২ ডিসেম্বর ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ফাইন্যান্স কোম্পানির পরিচালক, বিকল্প পরিচালক এবং মনোনীত বা প্রতিনিধি পরিচালক নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিধানাবলী প্রযোজ্য হবে:
 - ফাইন্যান্স কোম্পানির পরিচালকগণ ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হবেন;
 - বিকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালকের পরিচালক হিসেবে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা ও উপযুক্ততা সংক্রান্ত বিধানাবলী প্রযোজ্য হবে; এবং
 - কোনো প্রতিষ্ঠান বা কোম্পানির পক্ষে মনোনীত বা প্রতিনিধি পরিচালক নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালকের স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা ও উপযুক্ততা সংক্রান্ত বিধানাবলী প্রযোজ্য হবে।
- এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-০১, তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ (২) (ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।